

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়  
অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০  
শ্রেণি : তৃতীয়  
বিষয় : ইসলাম ধর্ম নৈতিক শিক্ষা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) সর্বশেষ নবি-রাসুল কে ?  
খ) আমাদের মাথার ওপর কী রয়েছে ?  
গ) সিজদাহর তাসবিহ কী ?  
ঘ) সালাত সহিশুদ্ধ হওয়ার উপকারিতা কী ?  
ঙ) সালামের বিনিময়ের বাক্যটি লিখ।  
চ) মিথ্যা বলার ক্ষতি কী ?  
ছ) আরবি বর্ণমালা কয়টি ?  
জ) নুকতায়ুক্ত ও নুকতা ছাড়া বর্ণ কয়টি ?  
ঝ) আমাদের মহানবি (স) কত সনে, কোন মাসের কত তারিখে জন্মগ্রহণ করেন ?  
ঞ) মহানবি (স) যে গুহায় নবুয়ত লাভ করেন সেই গুহাটির নাম কী ?  
ট) প্রথম নবির নাম কী ?  
ঠ) তাকবিরে তাহরিমা বলা কী ?  
ড) সালামের জওয়াব দেওয়া কী ?  
ঢ) আরবি বর্ণমালা কয়টি ?  
ণ) মহানবি (স) মদিনায় হিজরত করেন কে ?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) মৃত্যুর পর মানুষের আরেকটি ..... আছে।  
খ) আবু জাহেল মহানবি (স) কে মেরে ফেলার ..... করেছিল।  
গ) আমরা ..... বাস করি।  
ঘ) জান্নাতে সুখ আর .....।  
ঙ) কালিমা তাইয়্যিবা ..... অংশ।  
চ) কোনো মুসলিমের সাথে দেখা হলে প্রথমে ..... দেব।  
ছ) সকল জীবের প্রতি ..... দয়া দেখান।  
জ) পৃথিবীর ..... নবি আদম (আ)।  
ঝ) সূরা ফাতিহার আয়াত সংখ্যা .....।  
ঞ) হাজরে আসওয়াদ মানে ..... পাথর।  
ট) জয়মের অপর নাম .....।  
ঠ) আরবি হরফ .....।  
ড) অযু করা পাকসাফ হওয়ার ..... উপায়।  
ঢ) মেহমানের সাথে আমরা ..... ব্যবহার করবো।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: ৫ × ২ = ১০

বামপাশ	ডানপাশ
ক) পৃথিবীর প্রথম নবি	ইবাদত করা।
খ) সালাত আদায়ের আগে	একমাত্র মালিক।
গ) আল্লাহ আমাদের	ওযু করা ফরজ।
ঘ) আখিরাত বলতে মৃত্যুর	আখিরাত বলে।
ঙ) আমরা আল্লাহর	পরের জীবনকে বুঝায়।
	লালন পালন করেন।
	আদম (আ)।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

৬ × ৮ = ৪৮

- ক) মৃত্যুর মাধ্যমে মানবজাতি আখিরাতের জীবনে প্রবেশ করবে। আখিরাত অর্থ কী? আখিরাত জীবনের চারটি স্তরের নাম লেখ। আখিরাতে পুরস্কার ও শাস্তি হিসেবে কোথায় পাঠানো হয়?  
খ) পৃথিবীর মানুষ যখন এক আল্লাহকে ভুলে পাপের পথে নিজেকে ঠেলে দিয়েছে, তখন মহান আল্লাহ প্রত্যেক জাতির নিকট নবি-রাসুল প্রেরণ করেছেন। তোমরা কোন রাসুলের অনুসারী? তিনি যে কালেমার মাধ্যমে তাওহিদ ও রিসালাতের ঘোষণা দিয়েছেন তা অর্থসহ লিখ।  
গ) মহান আল্লাহ মানবের কল্যাণের জন্য সবকিছু সৃষ্টি করেছেন। জীব ছাড়া মানবের জীবন অচল। জীবে দয়া করলে কে খুশি হন? আমরা জীবের প্রতি কীভাবে দয়া দেখাব তা ৪টি বাক্যে লিখ।  
ঘ) রাকিব খুব অপরিষ্কার থাকে। ঠিকমতো হাতমুখ ধোয় না। নখ কাটে না। এতে তার যেসকল ক্ষতি হতে পারে তার মধ্যে ৫টি উল্লেখ করো।  
ঙ) তোমার শ্রেণির ধর্মীয় শিক্ষক প্রতিদিন তোমাদেরকে উদ্দেশ্য করে বলেন, “তোমরা কখনো মিথ্যা কথা বলবে না, সদা সত্য কথা বলবে।” যে সত্য কথা বলে তাকে কী নামে ডাকা হয়? সত্য কথা বলার উপকারিতা সম্পর্কে ৪টি বাক্যে লিখ।  
চ) আরবি হরফ কয়টি? কোন দিক থেকে আরবি পড়তে হয়? আরবি প্রথম ৪টি অক্ষরের একটি চার্ট তোমার খাতায় লিখ।  
ছ) মহানবি (স) এর বয়স যখন ৪০ বছরের কাছাকাছি। এমন সময় একদিন হেরা গুহায় কুরআন মজিদ তাঁর ওপর নাযিল হয়। কুরআন মজিদ কোন মাসে নাযিল হয়? কুরআন মজিদের প্রথম পাঁচটি আয়াত কোন সূরার। উক্ত পাঁচটি আয়াত বাংলায় তোমার খাতায় লিখ।  
জ) কুরআন মজিদ মহান আল্লাহ পাকের কালাম। কুরআন মজিদের ভাষা আরবি। আরবি হরফ ২৯টি। এই ২৯টি হরফের মধ্যে কয়টি নুকতা যুক্ত ও কয়টি নুকতা ছাড়া? মাদ্দের হরফ কয়টি?  
ঝ) মহানবি (স) এর কয়জন ছেলেমেয়ে ছিল? তাদের নামের একটি তালিকা করো।  
ঞ) প্রধান ইবাদত কয়টি? প্রধান ইবাদত গুলোর নাম লিখ। ধনী ও গরিব সকলের জন্য ফরজ এমন দুটি ইবাদতের নাম লিখ।